



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-২ শাখা
www.moefcc.gov.bd


নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০৬১.২০-২৮৪

তারিখ : ২৫ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন সংক্রান্ত প্রকল্প প্রস্তাবে (DPP) সড়কবাতি স্থাপনের নিমিত্ত নির্বাচিত সড়ক ও স্থানের নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন সংক্রান্ত প্রকল্প প্রস্তাবে (DPP) প্রকল্প এলাকা হিসেবে অধিকাংশ ক্ষেত্রে শুধু পৌরসভা/উপজেলার নাম উল্লেখ করা হয়। নির্দিষ্ট কোনো সড়ক ও স্থানের নাম উল্লেখ করা হয় না। ফলে পরবর্তীতে পরিদর্শনকালে সঠিকভাবে বাস্তবায়ন কার্যক্রম যাচাই করা যায় না। বর্ণিতাবস্থায়, প্রকল্প প্রস্তাব প্রেরণ ও বাস্তবায়নকালে নিয়োক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (১) প্রশাসনিক অনুমোদন আদেশ জারির নিমিত্ত সৌর সড়কবাতি সংক্রান্ত অনুমোদিত প্রকল্প প্রস্তাবে সড়কবাতি স্থাপনের জন্য নির্বাচিত সড়ক ও স্থানের নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে;
- (২) দ্বৈততা পরিহার প্রত্যয়নপত্রসহ প্রকল্প প্রস্তাবের সাথে চেকলিস্ট অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় সকল কাগজপত্র থাকতে হবে;
- (৩) নির্বাচিত সড়ক ও স্থানে সড়কবাতি স্থাপনের পূর্বে DPP স্পেসিফিকেশন অনুযায়ী সড়কবাতির জন্য Original Battery ক্রেয়/সরবরাহ করা হয়েছে কিনা তা বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের একজন কর্মকর্তা কর্তৃক সরেজমিন প্রকল্প এলাকা পরিদর্শনপূর্বক প্রকল্প পরিচালকের নিকট থেকে প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে;
- (৪) প্রত্যয়নপত্রসহ প্রকল্প পরিদর্শন প্রতিবেদন আবশ্যিকভাবে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের জলবায়ু পরিবর্তন অনুবিভাগে প্রেরণ করতে হবে;
- (৫) প্রত্যেক সৌর বিদ্যুতায়িত সড়কবাতির পিলারে 'BCCT' শব্দটি লিপিবদ্ধ করতে হবে।


(মো: মাজেদুল ইসলাম)
উপসচিব
৯৫৪০২৪৬

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
পুরাতন বন ভবন, মহাখালী, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব (জলবায়ু পরিবর্তন অনুবিভাগ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৫। যুগ্মসচিব (জলবায়ু পরিবর্তন-১), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল।